গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ২ ৳ ২

দুই টাকা

ট/২ — ১৫৫৪১৭৭

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম

মং ২৬,০০০/=(ছাব্বিশ হাজার) টাকার সাফ কবলা দলিল, থানা- ধামরাই, মৌজা "ছোট কালামপুর" স্থিত বিক্রিত নাল জমির পরিমান- ২১ (একুশ) শতাংশ মাত্র।

১। মোঃ জাহাঙ্গীর মিয়া, ২। মোঃ জাহিদ মিয়া, ৩। মোঃ ওয়াহিদ মিয়া, পিতা মরহুম- আলহাজ্ব আব্দুল করিম মিয়া, সাং- ঝিলটুলি, থানা- কোতয়ালী, জেলা- ফরিদপুর, জাতীয়তা- বাংলাদেশী, ধর্ম- ইসলাম, পেশা- ব্যবসা।

ঃ দলিল গ্রহিতাগণ ঃ

১। মোসাঃ সাজেদা বেগম, পতি মরহুম- মীর মোহাম্মদ আলী, ২। মোঃ সোলায়মান, পিতা মরহুম- মীর মোহাম্মদ, সাং- কালামপুর, ৩। মোসাঃ মরিয়ম বেগম, স্বামী- মোঃ নূরুল হক, সাং- রৌহারটেক, ৪। মোসাঃ মমতাজ বেগম, স্বামী- মোঃ আবুল হোসেন, সাং- বান্নাখোলা, ৫। মোসাঃ মুক্তা আক্তার, পিতা মরহুম- মীর মোহাম্মদ আলী, সাং- কালামপুর, থানা- ধামরাই, জেলা- ঢাকা, জাতীয়তা- বাংলাদেশী, ধর্ম- ইসলাম, পেশা- ব্যবসা ও গৃহকর্ম।

ঃ দলিল দাতা ও দাত্রীগণ ঃ

পরম করুনাময় মহান আল্লাহ তায়ালার নাম স্মরণ করিয়া অত্র সাফ কবলা দলিলের বয়ান লেখা আরম্ভ করিলাম। নিম্ন তপছিল বর্ণিত সম্পত্তি যাহাতে জামাল উদ্দিন পিতামৃত তাহির সাং কালামপুর বিগত ইং ১০/১/৫৩ তারিখে সাভার সাব-রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত- ২৪৪ নং সাফ কবলা দলিল মূলে মালিক হইয়া এস.এ ও আর.এস রেকর্ড নিজ নামে রেকর্ডভূক্ত করাইয়া ভোগ দখর করাবস্থায়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ২ ৳ ২

দুই টাকা

ট/২ — ১৫৫৪১৭৮



মৃত্যুবরণ করিলে তাহার তৎত্যাজ্য সম্পত্তিতে তাহার পুত্র মীর মোহাম্মদ আলী পৈত্রিক ওয়ারিশ সূত্রে ও কতক অংশ আর.এস রেকর্ড অনুসারে মালিক হইয়া ভোগ দখল করাবস্থায় মৃত্যুবরণ করিলে তাহার তৎত্যাজ্য সম্পত্তিতে আমরা অত্র দলিল দাতা ও দাত্রীগণ ওয়ারিশ সূত্রে মালিক দখলকার ও দখলকারীনি নিয়ত থাকিয়া এযাবতকাল অন্যের নিরাপত্তে, নির্বিবাদে ও শান্তিপূর্ণভাবে ভোগ দখল করিয়া আসিতেছি। বর্তমানে আমাদের নানাবিধ বৈধ কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমাদের উক্ত প্রকারে প্রাপ্ত নিজ নিজ ১৬ ষোল আনা হিস্যা অংশ সম্পত্তি প্রকাশ্যে সাফ বিক্রয় করার প্রস্তাব করিলে আপনারা অত্র দলিল গ্রহিতাগণ উহা খরিদ করিতে ইচ্ছুক হইয়া উহার মূল্য মং ২৬,০০০/= (ছাব্বিশ হাজার) টাকা বলিয়াছেন। সেমতে আপনাদের কথিত মূল্যই বাজার উচিৎ এবং সর্বোচ্চ মূল্য হওয়ায় উক্ত মূল্যে বিক্রয় করিতে সম্মত হইয়া আপনাদের নিকট হইতে মূল্য মং ২৬,০০০/= (ছাব্বিশ হাজার) টাকা নগদ একযোগে দস্ত-বদস্ত বুঝিয়া পাইয়া ও নিয়া নিম্ন তপছিল বর্ণিত সম্পত্তি আপনাদের নিকট সাফ বিক্রয় করিয়া চিরতরে এককালীন নিঃস্বত্ববান ও নিঃস্বত্ববর্তি হইলাম এবং অদ্যই অত্র বিক্রিত সম্পত্তিতে আপনার আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান এবং মালিক দখলকার হইয়া গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাজস্ব (ভূমি) দপ্তরে আমাদের নামের পরিবর্তে আপনাদের নিজ নিজ নামে নামজারী ও জমাভাগ করাইয়া মালিকান সরকারে খাজনাদি সন সন আদায়ক্রমে দান, বিক্রয়, হেবা, কট, রেহান, মর্টগেজ, পাওয়ার, এওয়াজ বদল ইত্যাদি সর্বপ্রকার হস্তান্তর ও রূপান্তরের ক্ষমতা ধারণে পুত্র পৌত্রাদি ও স্থলবর্তী ওয়ারিশানগণক্রমে পরম সুখে ভোগ বিনিয়োগ করিতে রহেন। বিক্রিত সম্পত্তিতে আমরা কিংবা আমাদের স্থলবর্তী ওয়ারিশানগণ কেহ কোন প্রকার ওজরাপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না, করিলেও তাহা সর্বাদালতে অগ্রাহ্য, বাতিল ও নামঞ্জুর হইবেক। প্রকাশ থাকে যে, নিম্ন তপছিল বর্ণিত দাগের সম্পত্তি যাহা আমরা অত্র দলিল দাতা ও দাত্রীগণ ইতিপূর্বে অন্য কাহারও নিকট কোন প্রকার দান, বিক্রয়, হেবা, কট,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ২ ৳ ২

দুই টাকা

ট/২ — ১৫৫৪১৭৯ ঃ৩ঃ

রেহান, মর্টগেজ, পাওয়ার, এওয়াজ বদল ইত্যাদি হস্তান্তর সূচক কোন কার্য করি নাই এবং কোন ব্যাংক, বীমা প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট দায়াবদ্ধ বা জাবিনাবদ্ধ রাখি নাই বা কোন অফিস আদালত কর্তৃক মামলা মোকদ্দমারও অন্তর্ভূক্ত নহে। বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নির্দায়, নিঃস্কন্টক ও পরিমুক্তাবস্থায় আপনাদের নিকট সাফ বিক্রয় করিলাম। যদি ভবিষ্যতে আমাদের কোন তঞ্চকতা প্রকাশ পাইয়া আপনাদের অত্র খরিদা স্বত্বের, স্বার্থের ও ভোগ দখলের কোন প্রকার ব্যাঘাত জন্মে বা জন্মায় তবে আমাদের বা আমাদের স্থলবর্তি ওয়ারিশানগণক্রমে আইনতঃ দন্ডনীয় হইব এবং আপনাদের দেয় মূল্যের সাকূল্য টাকাসহ ময় ক্ষতিপূরণ দিতে বাধ্য রহিলাম ও রহিলেক। আরো প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে অত্র সাফ কবলা দলিলের বর্ণনায় তপছিল ভাগে মৌজা নম্বর, দাগ নম্বর ও খতিয়ান নম্বর বা সীমানা চৌহুদ্দি ইত্যাদিতে কোন প্রকার ভূলত্রুটি প্রকাশ পায় তাহা হইলে অত্র দলিল পন্ড বা বাতিল হইবে না বরং উহা আমাদেরকে জানানো মাত্র আমরা বিনা ওজরে স্বেচ্ছায় ভূল সংশোধন করতঃ সংশ্লিষ্ট সাব রেজিষ্ট্রি অফিসে উপস্থিত হইয়া আপনাদের বরাবরে ভ্রম সংশোধনীয় দলিল সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিলেক, আল্লাহ না করুন আমাদের অভাবে আমাদের স্থলবর্তি ওয়ারিশানগণ দায়ী থাকিবে। এখানে উল্লেখ থাকে যে, আমাদের বিক্রিত সম্পত্তিতে ভবিষ্যতে যদি কোন অলি ওয়ারিশান বাহির হইয়া কেহ কোন প্রকার স্বত্ব দাবী করে বা টাকার দাবী করে তবে সেই দাবী বা ওজর আপত্তি আমরা অত্র দলিল দাতা ও দাত্রীগণ আমাদের নিজ নিজ দায়িত্বে নিজ নিজ খরচে মিমাংসা বা সুরাহা করিব। হস্তান্তরিত ভূমির স্বত্ব, স্বার্থ, দখল সম্পর্কে কোন মির্থ্যাচার বা সত্যগোপন করার কারণে দলিল গ্রহিতাগণ ক্ষয়-ক্ষতিগ্রস্থ হইলে দলিলে প্রদর্শিত মূল্য এবং ভবিষ্যতের বাজার উচিত মূল্য ফেরত প্রদানে বাধ্য থাকিব বা থাকিবেক এবং কৃত অপরাধে আইনতঃ দন্ডনীয় হইব বা হইবেক।

এতদ্বার্থে স্বেচ্ছায়, স্বজ্ঞানে ও অন্যের বিনা প্ররোচনায় নিজ নিজ বৈধ প্রবৃত্তি মূলে অত্র সাফ কবলা দলিল আপনাদের অনুকূলে সম্পাদন করিয়া দিলাম। ইতি ঃ তারিখ- ১৪১১ বাংলা সনের ৮ই চৈত্র ইং
২২/৩ ২০০৫ বাইশে, তিন, দুইহাজার পাঁচ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ২ ৳ ২


দুই টাকা

ট/খ —১৫৫৪১৮০



## ঃ বিক্রিত সম্পত্তির তপছিল পরিচয় ঃ

জেলা- ঢাকা, থানা- ধামরাই, সাব-রেজিষ্ট্রি অফিস কালামপুর অধীন, ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত সাবেক- ১৭৮ নং হাল- ১৭৭ নং মৌজা "ছোট কালামপুর" স্থিত এস.এ- ১৪২ নং আর.এস- ২৭১ নং রায়তি খতিয়ানে বার্ষিক ৭.০০ টাকা অস্থায়ী জমায় যে ১৯২ শতাংশ রায়তি জোত নিয়ত আছে তন্মধ্যে বিক্রিত জমি- ২১ শতাংশ। ইহার হারাহারি খাজনা .৬৫ টাকা যাহার খাজনা ধামরাই থানা সহকারী কমিশনার (ভূমি) সরকারে প্রতি সন সন আদায় হয়।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ২ ৳ ২

দুই টাকা

ট/২ — ১৫৫৪১৮১



১। সাবেক- ১১৩১ নং হাল- ২২২৮ (দুই হাজার দুইশত আটাইশ) নং দাগে নাল- ৩৯ শতাংশ।
২। সাবেক- ১২৩৬ নং হাল- ২৪৭৬/২৪৭৯ (দুই হাজার চারশত ছিয়াত্তর/দুই হাজার চারশত উনআশি) নং দাগে নাল .................................................. ৪৫ শতাংশ।
৩। সাবেক- ১১৮২ নং হাল- ২২৭০ (দুই হাজার দুইশত সত্তর) নং দাগে নাল- ৫২ শতাংশ।
৪। সাবেক- ১১৮৯ নং হাল- ২২৮০ (দুই হাজার দুইশত আশি) নং দাগে নাল- ০৮ শতাংশ।
৫। সাবেক- ১২৫৪ নং হাল- ২৪৮৮ (দুই হাজার চারশত আটাশি) নং দাগে নাল- ২৭ শতাংশ।
৬। সাবেক- ১১৮৪ নং হাল- ২২৪৫ (দুই হাজার দুইশত পয়তাল্লিশ) নং দাগে নাল- ২১ শতাংশ।
১৯২ শতাংশ।

কাত আমাদের অপরাপর শরিকানদের সহিত ঘরোয়া আপোষ বন্টন মতে আমাদের নিজাংশের দখলীয় ছাহাম প্রাপ্ত উপরোক্ত সাবেক- ১১৮৪ নং হাল- ২২৪৫ (দুই হাজার দুইশত পয়তাল্লিশ) নং দাগে নাল ১ ষোল আনা বিক্রিত- ২১ শতাংশ।

*মং একুশ শতাংশ নাল জমি বিক্রিত মাত্র।*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳২ ৳২

দুই টাকা

ঢ/২ — ১৫৫৪১৮৩

# হলফ নামা

প্রতি ঃ সাব-রেজিষ্ট্রার কালামপুর, ধামরাই, ঢাকা।

১। মোসাঃ সাজেদা বেগম, পতি মরহুম- মীর মোহাম্মদ আলী, ২। মোঃ সোলায়মান, পিতা মরহুম- মীর মোহাম্মদ, সাং- কালামপুর, ৩। মোসাঃ মরিয়ম বেগম, স্বামী- মোঃ নূরুল হক, সাং- রৌহারটেক, ৪। মোসাঃ মমতাজ বেগম, স্বামী- মোঃ আবুল হোসেন, সাং- বান্নাখোলা, ৫। মোসাঃ মুক্তা আক্তার, পিতা মরহুম- মীর মোহাম্মদ আলী, সাং- কালামপুর, থানা- ধামরাই, জেলা- ঢাকা।

আমি/আমরা নিম্ন দরখাস্তকারী বাংলাদেশের আইনগত্য স্বীকারে স্থায়ী নাগরিক জাতীতে বাঙ্গালী বটে; অত্র স্থাবর সম্পত্তি হস্তান্তর করার জন্য অত্র হলফ নামা দলিলে সংযোগ করিলাম যে, স্থাবর সম্পত্তি হস্তান্তর করা হইতেছে। ১। (ক) বাংলাদেশের দালাল আইন ১৯৭২ সনের রাষ্ট্র প্রধানের ৮নং আদেশের বলে আটক করা হয় নাই। (খ) বাংলাদেশের পরিত্যাক্ত সম্পত্তির আইন ১৯৭২ সনের রাষ্ট্র প্রধানের ১৬নং আদেশের সঙ্গানুসারে পরিত্যাগ সম্পত্তি নহে। (গ) প্রচলিত কোন আইন অনুসারে সরকার তাহা বর্তাই নাই বা বাজেয়াপ্ত করা হয় নাই। তাহা দলিলে নির্ভূলভাবে বর্ণিত হইয়াছে। তাহার মূল্য কম দেখানো হয় নাই। (ঘ) তাহা আমি/আমাদের হস্তান্তর করার অধিকার আছে। ২। প্রস্তাবিত হস্তান্তর বাংলাদেশ ভূমির সর্বোচ্চ সীমা নির্ধারণ আইন ১৯৭২ সনের রাষ্ট্র প্রধানের ৯৮নং আদেশের ৫-এর (ক) ধারানুযায়ী বাতিল যোগ্য নহে যা অন্য কোন আইনের পরিপন্থি নহে। ৩। আমি/আমরা প্রতিজ্ঞা পূর্বক বলিতেছি যে, উপরোক্ত বর্ণনা আমার/আমাদের জ্ঞান মতে সত্য, অদ্য রোজ সাব-রেজিষ্ট্রার সাহেবের সম্মুখে হাজির হইয়া অত্র হলফ নামা সম্পাদন করিয়া দিলাম।

ইতি ঃ সন ২২/৭/০৫

সনাক্তকারীর নাম- মোঃ মনসুর হোসেন — দাতা- সাজেদা বেগম

পিতা/স্বামীর নাম- আমান উদ্দিন — মোঃ সোলায়মান

সাং- কালামপুর — মরিয়ম

থানা- ধামরাই — মমতাজ

জিলা- ঢাকা

হস্তান্তরকারী ..............................

অদ্য ২০০৫ সনের ২২/৭ তারিখে আমার সম্মুখে হাজির হইয়া ইহার সত্যতা ঘোষণা করিয়াছেন।

২২/৭/২০০৫

সাজেদা বেগম

মনসুর হোসেন

এস.আর. কালামপুর।

14

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ২ ৳ ২

দুই টাকা

চ/২ — ১৫৫৪১৮৪

[illegible]

[illegible]
২৪/৬/০৫

[illegible]
২৪/৬/০৫ ২৪/৬/০৫

[illegible]
২৪/৬/০৫

81